# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

1. (b) সম্প্রতি কর্ণাটকের মুখ্যমন্ত্রী হিসাবে দ্বিতীয়বারের জন্য দায়িত্বভার গ্রহণ করলেন সিদ্দারামাইয়া। এদিন এ রাজ্যের ডেপুটি মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্বগ্রহণ করলেন ডি কে শিবকুমার।

2. (a) এস পি সিং বাঘেল সম্প্রতি কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন। পূর্বে তিনি আইন ও বিচার প্রতিমন্ত্রী হিসাবে নিযুক্ত ছিলেন।

3. (a) ২০ মে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড বী ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Bee engaged in pollinator-friendly agricultural production'.

4. (c) সম্প্রতি তেলেঙ্গানা রাজ্য সরকার কর্মক্ষেত্রে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে 'SAHAS' নামক কর্মসূচী চালু করেছে?

5. (a) জাতীয় শিক্ষানীতি-২০২০ বাস্তবায়িত করতে ইউজিসি সম্প্রতি NEP SAARTHI কর্মসূচী গ্রহণ করেছে।

6. (a) সম্প্রতি বাজাজ অ্যালায়েনজ লাইফ ইন্সিয়োরেন্স নামক বিমা কোম্পানি ভারতের প্রথম ULIP স্মল-ক্যাপ ফান্ড গড়ে তুলেছে।

7. (b) সম্প্রতি প্রকাশিত 'Partitioned Freedom' নামক গ্রন্থের রচয়িতা হলেন বিশিষ্ট রাজনীতিবিদ রাম মাধব।

8. (a) ২১মে সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল টি ডে পালিত হল, যেটি ২০০৫ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

9. (d) মধ্যপ্রদেশ সরকার 'মুখ্যমন্ত্রী তীর্থদর্শন যোজনা'র আওতায় প্রয়াগরাজের উদ্দেশ্যে যাওয়া বরিষ্ঠ তীর্থযাত্রীদের বিনামূল্যে বিমান পরিষেবা প্রদান শুরু করেছে।

10. (a) সম্প্রতি উত্তরাখণ্ডের দেরাদুনে ভারতের প্রথম নিও মেট্রোরেল পরিষেবা চালু হয়েছে। এছাড়াও ওই রাজ্যের হরিদ্বারে প্রোভাইড অন ডিমান্ড (POD) ট্যাক্সি পরিষেবা চালু হয়েছে।

11. (a) সম্প্রতি ভারতের রাষ্ট্রায়ত্ত সরকারি ব্যাঙ্ক অফ বরোদা গ্রাহকদের জন্য লাইভ ডিডিও কলিং সার্ভিস এবং ওয়েব চ্যাট সুবিধা চালু করেছে।

12. (a) সম্প্রতি সানিয়া মির্জা নামি ক্রীড়া সম্প্রচারক সংস্থা সোনি স্পোর্টস নেটওয়ার্কের বিপণনদূত হিসাবে নিযুক্ত হয়েছেন।

13. (b) সম্প্রতি প্রয়াত কে বিশ্বনাথ রেড্ডি তেলেগু ভাষার সাহিত্যিক ছিলেন। তিনি ১৯৯৬ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

14. (a) ২৩ মে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড টার্টেল ডে পালিত হল, যার এবছরের থিম হল-'I Love Turtle'.

15. (c) সম্প্রতি জিওর্জি গোসপোডিনোভ Time Shelter নামক গ্রন্থের জন্য ২০২৩ সালের ইন্টারন্যাশনাল বুকার প্রাইজে ভূষিত হলেন। এই গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করেছেন অ্যাঞ্জেলা রোডেল।

16. (a) সম্প্রতি এসবিআই জেনারেল ইন্সিয়োরেন্স বিমা কোম্পানি 'General Surety Bond Bima' নামক প্রোডাক্ট চালু করল।

17. (d) সম্প্রতি লাদাখে বৌদ্ধভিক্ষু এবং সন্ন্যাসীনিরা বিশ্বজুড়ে শান্তি স্থাপনের বার্তা প্রদানের উদ্দেশ্যে 'মোনলাম চেনমো' নামক উৎসব আয়োজন করেছিল।

18. (d) বিজয় শেখর শর্মা পেটিএম পেমেন্টস ব্যাঙ্কের আংশিক সময়ের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, তিনি এই সংস্থার ৫১ শতাংশ শেয়ারের মালিক।

19. (c) আইডিবিআই ব্যাঙ্কের ডেপুটি এমডি হিসাবে নিযুক্ত হলেন জে এস পিল্লাই। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কানাড়া ব্যাঙ্কের মুম্বাই সার্কেলের চিফ জেনারেল ম্যানেজার এবং সার্কেল হেড হিসাবে কর্মরত ছিলেন।

20. (b) সম্প্রতি এইচডিএফসি ব্যাঙ্ক মনিপাল গ্লোবাল অ্যাকাডেমি অফ ব্যাঙ্কিংয়ের সহযোগিতায় 'Future Bankers 2.0 চালু করেছে।

21. (a) সম্প্রতি গ্রিসের কেয়ারটেকার প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন আয়ানিস শারমাস।

বিশেষ দ্রষ্টব্য— ২৬ জুন, ২০২৩ তারিখে বিশেষ স্থায়ী প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত হয়েছেন কিরিয়াকোজ মিৎসোতাকিস।

22. (a) চীনের ইলেকট্রনিক্স দ্রব্যাদি প্রস্তুতকারক সংস্থা রিয়েলমী'র বিপণনদূত হিসাবে নিযুক্ত হলেন ভারতের বলিউড চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খান। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থা কর্তৃক প্রস্তুত করা রিয়েলমী-১১ প্রো সিরিজের ৫জি মোবাইল ফোনের বিপণনে সহায়তা করবেন।

23. (c) ২৫ মে সারা বিশ্ব জুড়ে 'ইন্টারন্যাশনাল মিসিং চিলড্রেন্স ডে' পালিত হল, যে দিবসটি ২০০১ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

24. (b) মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় বিজয়কুমার গঙ্গাপুরওয়ালা। তিনি এই পদে পূর্ববর্তী তথা কার্যকরী প্রধান বিচারপতি এস বৈদ্যনাথনের স্থলাভিষিক্ত হলেন।

25. (d) ২১-২৫ মে সৌদি আরবের আল-জুবালিতে ভারত ও সৌদি আরবের মধ্যে যৌথ নৌ মহড়া Al Mohed Al Hindi 23' অনুষ্ঠিত হয়ে গেল।

26. (c) কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন আর দীনেশ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জীব বাজাজের স্থলাভিষিক্ত হলেন।

27. (c) অসমের গুয়াহাটিতে ‘ন্যাশনাল ফরেন্সিক সায়েন্স ইউনিভার্সিটি’ গড়ে উঠতে চলেছে।

28. (c) উত্তরাখণ্ডের দেরাদুন থেকে দিল্লি পর্যন্ত সে রাজ্যের প্রথম বন্দেভারত এক্সপ্রেস ট্রেন চালু হয়েছে। এই ট্রেনটি দেরাদুন থেকে দিল্লির আনন্দবিহার পর্যন্ত সংযোগ রক্ষা করবে।

29. (c) সেবি এস রবীন্দ্রনের নেতৃত্বে ২১ সদস্যের ইন্টারমিডিয়ারি অ্যাডভাইজরি কমিটি গঠন করেছে। এস রবীন্দ্রন পূর্বে সেবির পরিচালন বোর্ডের এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

30. (d) শ্রীকৃষ্ণ হরিহর শর্মা, কর্ণাটক ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শেখর রাওয়ের স্থলাভিষিক্ত হলেন।

31. (a) আসন্ন 'COP28' এর প্রেসিডেন্টের অ্যাডভাইজরি কমিটির সদস্য হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় শিল্পপতি মুকেশ আম্বানি। সুনীতা নারাইনের পর মুকেশ আম্বানি হলেন একমাত্র ভারতীয় যিনি এই পদে নিযুক্ত হয়েছেন।

32. (b) সম্প্রতি প্রয়াত গোবিন্দরায় এইচ নায়ক কন্নড় ভাষা সাহিত্যিক ছিলেন। তিনি ২০১৪ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছেন।

33. (a) রমেশ ডি ধানুকা সম্প্রতি বোম্বাই হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জয় বিজয়কুমার গঙ্গাপুরওয়ালার স্থলাভিষিক্ত হলেন।

34. (c) সম্প্রতি ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র ২০২৩ অর্থবর্ষে এনপিএ ম্যানেজমেন্টে টপ পারফর্মার হিসাবে ঘোষিত হয়েছে। এই ব্যাঙ্ক ২০২৩ অর্থবর্ষে এনপিএর পরিমাণ ০.২৫ শতাংশ কমাতে সক্ষম হয়েছে।

35. (c) সম্প্রতি অনলাইন ক্যাব পরিবহণ সংস্থা Uber সরকারি অফিস, সংস্থাগুলিতে ট্যাক্সি পরিষেবা প্রদানের জন্য গভর্নমেন্ট ই-মার্কেট প্লেসের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

36. (b) সম্প্রতি চলচ্চিত্র অভিনেতা ঋত্বিক রোশন ‘বিক্রম ভেদা’ চলচ্চিত্রে অভিনয়ের জন্য ২০২৩ সালের আইফা চলচ্চিত্র পুরস্কারের শ্রেষ্ঠ অভিনেতা বিভাগে পুরস্কৃত হলেন।

37. (b) সম্প্রতি প্রবীণ কুমার শ্রীবাস্তব সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস এন প্যাটেলের স্থলাভিষিক্ত হলেন।

38. (d) সম্প্রতি নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন মোনাকো গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন।

39. (c) ২৮ মে সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড হাঙ্গার ডে’ পালিত হল, যার এবছরের থিম হল— ‘Celebrating Sustainable Solutions to Hunger & Poverty’.

40. (c) সম্প্রতি ইউপিআই পেমেন্ট সলিউশন সংস্থা রাজোরপে ‘Turbo UPI’ পেমেন্ট পরিষেবা চালু করেছে।

41. (b) সেবি এস রবীন্দ্রনের নেতৃত্বে যে ইন্টার মিডিয়ারি অ্যাডভাইজরি কমিটি গঠন করল তার মোট সদস্য সংখ্যা ২১ জন। এস রবীন্দ্রন সেবির প্রাক্তন এগজিকিউটিভ ডিরেক্টর।

42. (a) সম্প্রতি ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক ডিজিটাল ব্যাঙ্কিং প্লাটফর্ম গড়ে তুলতে আইবিএম কনসাল্টিং সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

43. (c) সম্প্রতি অন্যতম রাষ্ট্রায়ত্ত বেসরকারি ইয়েস ব্যাঙ্ক ‘Life Ko Banao Rich’ নামক প্রচারাভিযান কর্মসূচী চালু করেছে।

44. (c) ২০২৩ আর্থিক বছরে ভারতে এফডিআই এর পরিমাণ ২২% অর্থাৎ ৪৬.০৩ বিলিয়ন মার্কিন ডলার।

45. (a) সম্প্রতি সন্দীপ বাত্রা আইসিআইসিআই ব্যাঙ্কের এগজিকিউটিভ ডিরেক্টর হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি ২০২৫ সালের ২২ ডিসেম্বর পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন।

46. (d) সম্প্রতি প্রকাশিত ‘NTR-A Political Biography’ নামক গ্রন্থটির রচয়িতা হলেন বিশিষ্ট সাংবাদিক ও সংবাদপত্র সম্পাদক আর এম কোন্দুভাটলা।

47. (b) ২৯ মে ‘ওয়ার্ল্ড ডাইজেস্টিভ হেলথ ডে’ পালিত হল, যার এবছরের থিম হল— ‘Your Digestive Health : A Healthy Gut from the Start’.

48. (d) সম্প্রতি ডায়বেটিক রোগীদের জন্য বাজাজ অ্যালায়েন্স লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি বিমা পলিসি চালু করেছে; যার নাম হল ‘Bajaj Allianz Life Diabetic Term Plan Sub 8 HbA1c’.

49. (a) সম্প্রতি বিশিষ্ট কোঙ্কণি লেখক দামোদর মাউজো ৫৭তম জ্ঞানপীঠ পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি দ্বিতীয় কোঙ্কণি (প্রথম কোঙ্কণি লেখক হলেন– রবীন্দ্র কেলকার) লেখক হিসাবে ভারতের এই সর্বোচ্চ সাহিত্য সম্মানে ভূষিত হয়েছেন।

50. (d) ইউকো ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন ইন্ডিয়ান ব্যাঙ্কের প্রাক্তন এগজিকিউটিভ ডিরেক্টর অশ্বিনী কুমার। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সোমাশঙ্কর প্রসাদের স্থলাভিষিক্ত হলেন।

51. (c) রিসেপ তাইপ এরডোগান তার্কিয়ের প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। তিনি এবারের নির্বাচনে ৫২.১৪ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

52. (b) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট স্কলার, শিক্ষাবিদ ও লেখক ভি অর্জুনান ২০০৮ সালে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

53. (a) ৩১ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ‘ওয়ার্ল্ড নো টোবাকো ডে’র এবছরের থিম হল-- ‘We need food, not tobacco’.

54. (b) সম্প্রতি উত্তরপ্রদেশের গাজিয়াবাদে FSSAI ন্যাশনাল ট্রেনিং সেন্টার গড়ে উঠল।

55. (a) অজয় যাদব সম্প্রতি সোলার এনার্জি কর্পোরেশন অফ ইন্ডিয়ার এমডি হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুমন শর্মার স্থলাভিষিক্ত হয়েছেন।

56. (d) সম্প্রতি ভারতের বৃহত্তম আইটি কোম্পানি টিসিএস এর এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন কে কৃত্তিভাসন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজেশ গোপীনাথনের স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

57. (d) সম্প্রতি স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান হিসাবে অমরেন্দু প্রকাশ এই পদে পূর্ববর্তী পদাধিকারী সোমা মণ্ডলের স্থলাভিষিক্ত হলেন।

58. (a) সম্প্রতি প্রয়াত বেদকুমারী ঘাই একজন সংস্কৃত স্কলার। তিনি সংস্কৃত সাহিত্যে পাণ্ডিত্যের জন্য ২০১৪ সালে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন।

59. (c) ১ জুন সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড মিল্ক ডে' পালিত হল, যার এবছরের থিম হল— 'The Potency of Milk and the Milk Industry'.

60. (d) সম্প্রতি ইপিএফও'র প্রকাশিত তথ্য অনুযায়ী ২০২৩ অর্থবর্ষে মহারাষ্ট্র রাজ্য সর্বাধিক কর্মসংস্থান সৃষ্টি করেছে। ২০২৩ অর্থবর্ষে মহারাষ্ট্র রাজ্য নতুন করে ১৬,১৭,০৬৪ জনের নতুন কর্মসংস্থান করেছে। অ্যাচিভার্স

61. (d) ২০ মে থেকে ৯ জুন ন্যাটো সদস্যভুক্ত ফিনল্যান্ড এবং নরওয়ে দেশ দুটি বহুজাতিক আর্কটিক চ্যালেঞ্জ এক্সারসাইজ-২০২৩ আয়োজন করল।

62. (b) সম্প্রতি সেলেস্টি সাওলো 'ওয়ার্ল্ড মেট্রোলজিক্যাল অর্গানাইজেশনে'র সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ঐ সংস্থার ভাইস প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন ভারতের মৃত্যুঞ্জয় মহাপাত্র।

63. (c) আসন্ন রাষ্ট্রসংঘের ৭৮তম সাধারণ সভার প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছেন ত্রিনিদাদ ও টোবাগোর ডেনিস ফ্রান্সিস। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সি কোরোসি'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

64. (a) ২ জুন সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল সেক্স ওয়ার্কার্স ডে' পালিত হল, যার এবছরের থিম হল- 'Access to Justice'.

65. (b) দ্য টাইমস হায়ার এডুকেশন কর্তৃক প্রকাশিত ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং-২০২৩ অনুযায়ী ভারতের তামিলনাড়ুতে অবস্থিত অমৃতা ইউনিভার্সিটি ভারতের মধ্যে প্রথম স্থানে রয়েছে।এই তালিকায় অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন ইউনিভার্সিটি প্রথম স্থানে রয়েছে।

66. (d) সম্প্রতি আরবিএল ব্যাঙ্ক ACE Fixed Deposit Scheme চালু করেছে। এই স্কিমের মেয়াদকাল ১২ মাস থেকে ২০ বছর অবধি রয়েছে।

67. (b) সম্প্রতি CarbonCard নামক সংস্থা ভারতের মধ্যে প্রথম মোবাইল নির্ভর এক্সপ্যান্স ম্যানেজমেন্ট কার্ড- 'Card++' চালু করেছে। অ্যাচিভার্স

68. (d) সম্প্রতি টাটা অগ্রতাস এনার্জি স্টোরেজ সলিউশন প্রাইভেট লিমিটেড নামক সংস্থা ভারতের প্রথম লিথিয়াম-আয়ন সেল ম্যানুফ্যাকচারিং গিগাফ্যাক্টরি গড়ে তুলতে চলেছে।

69. (a) ৩ জুন সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড বাইসাইকেল ডে' পালিত হল, যেটি ২০১৮ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল।

70. (d) জয়পুর এমএনআইটি ভারতের প্রথম ন্যাশনাল সেন্টার ফর আর্থকোয়েক সেফটি অফ ড্যামস গড়ে তোলার জন্য ন্যাশনাল ড্যাম্প সেফটি অথরিটির সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

71. (c) সম্প্রতি নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন ২০২৩ সালের স্প্যানিশ গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন। অ্যাচিভার্স

72. (b) ২৭ মে থেকে ৪ জুন দুবাইয়ে অনুষ্ঠিত ২০২৩ সালের দুবাই ওপেন চেস টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছেন ভারতের অরবিন্দ চিথম্বরম। এই খেলায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন উজবেকিস্তানের জাভোখির সিন্দারোভ।

73. (d) সম্প্রতি প্রয়াত বিশিষ্ট অভিনেত্রী সুলোচনা লাটকার ১৯৯৯ সালে পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হয়েছেন। তিনি ২০০৪ সালে ফিল্মফেয়ার লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

74. (d) ৫ জুন সারা বিশ্বজুড়ে পালিত হওয়া বিশ্ব পরিবেশ দিবসের এবছরের থিম হল-'Solutions to Plastic Pollution'. অ্যাচিভার্স

75. (a) সম্প্রতি এইচএসবিসি ইন্ডিয়া 'My Account Start Today' নামক প্রচারাভিযান কর্মসূচী চালু করেছে।

76. (a) সম্প্রতি ভারত ও মালদ্বীপের নৌবাহিনীর মধ্যে যৌথ নৌমহড়া 'একতা-২০২৩' আয়োজিত হল।

77. (b) সম্প্রতি ভারতের বৃহত্তম বেসরকারি এইচডিএফসি ব্যাঙ্ক গ্রাহকদের জন্য Millennia Credit Card চালু করেছে। ২১-৪০ বছর বয়সিরা এই কার্ডের জন্য আবেদন করতে পারেন।

78. (d) সম্প্রতি গ্যালাক্সি স্পেস সলিউশনস প্রাইভেট লিমিটেড নামক সংস্থা বিশ্বের প্রথম মাল্টি সেন্সার আর্থ অবজার্ভেশন স্যাটেলাইট 'দৃষ্টি' উৎক্ষেপণ করতে চলেছে। এটি ভারতের মধ্যে প্রথম মাল্টি সেন্সর ইমেজিং স্যাটেলাইট। অ্যাচিভার্স

79. (b) ৭ জুন সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ফুড সেফটি ডে' পালিত হল, যার এবছরের থিম হল-'Food standards savelives'.

80. (c) সম্প্রতি জগদীশ সুধাকর বাকান ইউনেস্কো মাইকেল ব্যাটিসি অ্যাওয়ার্ড ফর বায়োস্ফিয়ার রিজার্ভ ম্যানেজমেন্ট-এ ভূষিত হলেন। তিনি প্রথম ভারতীয় হিসাবে এই পুরস্কারে ভূষিত হলেন। তিনি বর্তমানে তামিলনাড়ুর রমানাথপুরম জেলার ডিএফও হিসাবে কর্মরত আছেন। অ্যাচিভার্স

81. (c) সম্প্রতি প্রয়াত ভারতের বিশিষ্ট টিভি উপস্থাপিকা গীতাঞ্জলী আইয়ার ১৯৮৯ সালে ইন্দিরা গান্ধী প্রিয়দর্শিনী অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছিলেন। তিনি দূরদর্শনে দীর্ঘ তিন দশকেরও বেশি কাজ করেছেন।

82. (c) ৮ জুন সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড ব্রেন টিউমার ডে’ পালিত হল, যার এবছরের থিম হল-‘Protect yourself-keep away from stress’.

83. (d) সম্প্রতি রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে স্লোভানিয়া, আলজিরিয়া, গুয়ানা, দক্ষিণ কোরিয়া এবং সিয়েরা লিওন। অ্যাচিভার্স

84. (d) কেন্দ্রীয় সরকার অনুসুয়া উইকি’র নেতৃত্বে মণিপুরে শান্তি কমিটি গঠন করেছে।

85. (d) এডগার রিঙ্কিভিকস লাটভিয়া’র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি সে দেশের বিদেশমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

86. (d) বিশ্বব্যাঙ্ক সম্প্রতি পশ্চিমবঙ্গ রাজ্যের গ্রামীণ জলসেচ ব্যবস্থার উন্নয়ন কল্পে ১৪৮ মিলিয়ন মার্কিন ডলার লোন প্রদান করেছে।

87. (a) সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক হিমাচল প্রদেশে উদ্যান পালন ক্ষেত্রের উন্নয়ন কল্পে ১৩০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ হিসাবে প্রদান করেছে। অ্যাচিভার্স

88. (b) সম্প্রতি ন্যাশনাল টেস্টিং এজেন্সির ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন সুবোধ কুমার সিং। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সৌরভ গর্গের স্থলাভিষিক্ত হলেন।

89. (a) সম্প্রতি নীতিন আগরওয়াল বিএসএফ-এর ডিজি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এস এল থাওসেনের স্থলাভিষিক্ত হলেন।

90. (b) সম্প্রতি ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক সেভিংস আকাউন্টধারী গ্রাহকদের জন্য My Account My Name নামক স্কিম চালু করেছে। অ্যাচিভার্স

91. (a) সম্প্রতি TransUnion CIBIL Ltd.-এর নন-এগজিকিউটিভ চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভি অনন্তরামন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এম ভি নায়ারের স্থলাভিষিক্ত হলেন।

92. (a) ২-১১ জুন জাপানে অনুষ্ঠিত মহিলাদের জুনিয়র এশিয়া কাপ হকি প্রতিযোগিতায় ভারত, দক্ষিণ কোরিয়া কে পরাজিত করে চ্যাম্পিয়ন হল।

93. (c) সম্প্রতি ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত ভারত ও ইন্দোনেশিয়ার নৌবাহিনীর মধ্যে যৌথ নৌমহড়া ‘কোমোদো-২০২৩’-এ ভারতের আইএনএস সাতপুরা নামক যুদ্ধজাহাজ অংশ নিয়েছিল। অ্যাচিভার্স

94. (b) সম্প্রতি ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন পিটার এলবার্স। তিনি বর্তমানে ইন্ডিগো এয়ারলাইন্সের সিইও হিসাবে কর্মরত আছেন।

95. (d) ১৪ জুন সারা বিশ্বজুড়ে ‘ওয়ার্ল্ড ব্লাড ডোনার ডে’ পালিত হল, যার এবছরের থিম হল-‘Give Blood, Give Plasma, share life, share often’.

96. (c) সম্প্রতি ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে পুনর্নিযুক্ত হলেন পি এন বাসুদেবন। তিনি পরবর্তী তিন বছরে এই পদে নিযুক্ত থাকবেন। অ্যাচিভার্স

97. (b) আরবিট্রেশন অ্যান্ড কনিসিলিয়েশন অ্যাক্ট-১৯৯৬ এর পুনর্গঠনে কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রক টি কে বিশ্বনাথনের নেতৃত্বে এক্সপার্ট কমিটি গঠন করেছে।

98. (b) সম্প্রতি বিশিষ্ঠ ভারতীয় লেখিকা অরুন্ধতী রয় ‘ইউরোপিয়ান এসে প্রাইজ ফর লাইফটাইম অ্যাচিভমেন্ট’-এ ভূষিত হলেন। তিনি ১৯৯৭ সালে বুকার প্রাইজে ভূষিত হয়েছিলেন।

99. (c) সম্প্রতি মিনিরত্ন ক্যাটাগরি-১ সংস্থা ন্যাশনাল ফার্টিলাইজার্স লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন ইউ সারাভানন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে মাদ্রাজ ফার্টিলাইজার্স লিমিটেডের সিএমডি ছিলেন। অ্যাচিভার্স

100. (d) সম্প্রতি অনুষ্ঠিত ২-২৩ সালের কানাডিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন।

★★★